

**ইসলামী বিশ্ববিদ্যালয়ের**  
**ভিসি ও রেজিষ্টার**  
**অফিসে ভাংচুর**  
(ইসলামী বিশ্ববিদ্যালয়) সংবাদ-  
দাতা-১১-গতকাল (মঙ্গলবার) ইসলামী  
বিশ্ববিদ্যালয়ের ভিসি ও রেজিষ্টার  
কার্যালয়ে ব্যাপক ভাংচুরের ঘটনা  
ঘটিয়াছে। কর্তৃপক্ষ ঘটনার জন্য  
(২য় পৃঃ: ৫-এর কঃ ৩ঃ)

**ইসলামী বিশ্ববিদ্যালয়ে**  
(১ম পৃঃ পর)  
ছাত্রলীগ (শা-পা)কে দায়ী করিলেও  
তাহারা অভিযোগ অস্বীকার করি-  
য়াছে। বেলা ১১ টার দিকে বিশ্ব-  
বিদ্যালয়ের সিওকেট সভা কক্ষে  
জাতির জনক বঙ্গবন্ধুর ছবি টাঙ্গানোর  
এর ভিসি কর্তৃক শিক্ষক ও বিভিন্ন  
প্রশাসনিক পদে অবৈধ দলীয় নিয়োগ  
বাতিলের দাবীতে ছাত্র লীগের  
একটি মিছিল ভিসি অফিস প্রদক্ষিণ  
কালে প্রায় শতাধিক বিক্ষুব্ধ ছাত্র  
ভিসি ও রেজিষ্টার অফিসে হামলা  
চালাইয়া অধিকাংশ অসিাবাপত্র  
ভাংচুর ও অফিসের ক্ষতি সাধন করে।  
এসময় ভিসি অফিসের ১ জন কর্ম-  
কর্তা ও ৩ জন কর্মচারী আহত হয়।  
এক সমাবেশে ছাত্রলীগ (শা-পা)  
নেতৃবৃন্দ ঘটনার মিন্দা জানাইয়া  
বলিয়াছেন ছাত্রলীগ সম্মানে  
বিশ্বাসী নয়। বেলা একটায় বিশ্ব-  
বিদ্যালয়ের প্রেসকক্ষের আয়োজিত  
সাংবাদিক সম্মেলনে ছাত্রলীগ নেতৃবৃন্দ  
সরকারী ঘোষণার ১৫দিন পরও বিশ্ব-  
বিদ্যালয়ের কর্তৃপক্ষ অফিসসমূহে  
বঙ্গবন্ধুর ছবি না থাকায় ক্ষোভ প্রকাশ  
করেন।